দৈনিক ইত্তেফাক

FEB. 19 2002   FEB. 18 2002

তারিখ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ১ ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# সার্টিফিকেটে হলের নাম নিয়ে জটিলতা

সাহাবুল হক ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেটে হলের নাম লেখায় জটিলতার কারণে ছাত্রদের হয়রানির সম্মুখীন হতে হচ্ছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। সরকার, দলের সাথে সাথে দু'টি হলের নাম লিপিবদ্ধকরণে বিভ্রান্তি চলছে। এর একটি হলো মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল এবং অপরটি হলো বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল।

অনুসন্ধানে জানা যায়, সাবেক আওয়ামী লীগ সরকারের আমলে মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলে সংযুক্ত ছাত্রদের সার্টিফিকেটে

(১৪শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

'জিয়া হল' লেখা হতো। কিন্তু বর্তমান সরকার ক্ষমতায় আসার পর সার্টিফিকেটে লেখা শুরু হয়েছে মুক্তিযোদ্ধ জিয়াউর রহমান হল। ঠিক তেমনিভাবে বঙ্গবন্ধু হলোও ১৯৯৬ সালের আগে ছাত্রদের সার্টিফিকেটে লেখা হতো শুধুমাত্র 'মুজিব হল'। ১৯৯৬ সালে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর সার্টিফিকেটে লেখা শুরু হয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল। ফলে লেখা যায়, একজন ছাত্রের অর্নাসের সার্টিফিকেটে লেখা হয়েছে জিয়া হল আবার মাস্টার্স সার্টিফিকেটে লেখা হয়েছে মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল। দুটি সার্টিফিকেটে একই হলের দু'টি নাম নিয়ে ভোগান্তির মধ্যে রয়েছে ছাত্ররা। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, বোর্ডের মার্কসীটে কিংবা সার্টিফিকেটে সামান্য ত্রুটি থাকলেই সেটা বাতিল হয়ে যায়। হলের নাম ব্যবহারের ক্ষেত্রে দুটি নামের যে কোন একটি গ্রহণযোগ্য হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও এ ব্যাপারে কোন সদুত্তর দিতে পারেনি। হলের নাম ব্যবহারে সমস্যার ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক আব্দুল লতিফ বলেন, রেকর্ডপত্র না দেখে কোন কিছু বলা যাবে না।